

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ ও বন মন্ত্রণালয়
বন অধিশাখা-২

নং-পবম/ বন শাখা-২/০২/অভয়ারণ্য/১৩/২০১০/(অংশ-১)

তারিখ :

প্রজ্ঞাপন

বাংলাদেশ বন্যপ্রাণী (সংরক্ষণ) (সংশোধন) আইন ১৯৭৪ ইং এর ধারা ২৩ (৩) এর ক্ষমতাবলে সুন্দরবন পূর্ব বন বিভাগের আওতাধীন ২ ও ৩ নং কমপার্টমেন্টের ১৭০.০ হেক্টর নদী ও খালের জলাভূমি জলজ প্রাণী বিশেষ করে বিয়ল প্রজাতির গাংগেয় ডলফিন (Platanista gangetica) ও ইরাবতী ডলফিন (Orcaella brevirostris) সংরক্ষণ ও বংশবৃদ্ধির স্বার্থে নিম্ন তফসিল বর্ণিত সংরক্ষিত বনভূমি বাংলাদেশ গেজেটে প্রকাশের তারিখ হতে "দুধমুখী" বন্যপ্রাণী অভয়ারণ্য ঘোষণা করা হলো।

'তফসীল'

জেলা	উপ জেলা	রেঞ্জ	স্টেশন	সংশ্লিষ্ট কমপার্টমেন্টসমূহ	নদী ও খালের জল এলাকা (হেক্টর)	মন্তব্য
বাগেরহাট	শরণখোলা	শরণখোলা	দুধমুখী, টহলফাঁড়ী ও সুপতি স্টেশন	২ ও ৩	১৭০.০ হেক্টর	সংরক্ষিত বনাঞ্চল
				মোট =	১৭০.০ হেক্টর	

চৌহদ্দি

উত্তর : ২নং কমপার্টমেন্টের স্থলভাগ ও বেতমোর নদীর পশ্চিম তীর অক্ষাংশ ২২° ০৬.০৮২' দ্রাঘিমাংশ ৮৯° ৪৬.৩২৫' হতে বেতমোর নদীর ২নং কমপার্টমেন্টের পূর্ব তীর অক্ষাংশ ২২° ০৬.০৮২' দ্রাঘিমাংশ ৮৯° ৪৬.৫১২', ভোলা নদীর পশ্চিম তীরে ২নং কমপার্টমেন্ট সংলগ্ন দ্রাঘিমাংশ ৮৯° ৪৮.৪৬৪' অক্ষাংশ ২২° ০৫.৬৩১' হতে ১ নং কমপার্টমেন্ট সংলগ্ন বেতমোর নদীর পূর্বতীর অক্ষাংশ ২২° ০৪.৬৩১' দ্রাঘিমাংশ ৮৯° ৪৮.৫১০' পর্যন্ত বিস্তৃত।

দক্ষিণ : ৩নং কমপার্টমেন্টের স্থলভাগ এবং দুধমুখী টহল ক্যাম্পের বিপরীতে বেতমোর নদী ও বড় শেওলা খালের সংযোগ স্থল থেকে শুরু করে ভোলা নদী ও বড় শেওলা খালের সংযোগ স্থল পর্যন্ত বিস্তৃত।

পূর্ব : ১নং ও ২নং কমপার্টমেন্টের স্থলভাগ এবং ভোলা নদী ও বড় শেওলা খালের সংযোগ স্থল পর্যন্ত বিস্তৃত।

পশ্চিম : ১২ এ নং কমপার্টমেন্টের পূর্বাংশের বেতমোর নদীর সংলগ্ন স্থলভাগ।

অবস্থান : জিপিএস অনুসারে দুধমুখী অভয়ারণ্যের চতুর্দিকের অক্ষাংশ ও দ্রাঘিমাংশ নিম্নরূপ :

অক্ষাংশ	দ্রাঘিমাংশ
২২° ০৬.০৮২'	৮৯° ৪৬.০৭৪'
২২° ০৬.০৭৮'	৮৯° ৪৬.৩২৫'
২২° ০৫.৩৫৯'	৮৯° ৪৬.৪১২'
২২° ০৫.৩১৮'	৮৯° ৪৬.৫৭৪'
২২° ০৪.০৮০'	৮৯° ৪৮.০৭৭'
২২° ০৫.৪০২'	৮৯° ৪৬.৭২৬'
২২° ০৫.০১৩'	৮৯° ৪৭.৪১৫'
২২° ০৪.৩৭৩'	৮৯° ৪৮.০০৯'
২২° ০৪.৬১৯'	৮৯° ৪৮.১২৮'
২২° ০৪.৩৯৯'	৮৯° ৪৮.৪৬৪'
২২° ০৪.০৮০'	৮৯° ৪৮.০৭৭'

(মেছবাহ উল আলম)
সচিব

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

(পূর্ব পাতার পর)

উপ নিয়ন্ত্রক

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।

(পরবর্তী গেজেটে প্রকাশ করতঃ ৫০ (পঞ্চাশ) কপি মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধ করা হলো)

নং-পবম/ বন শাখা-২/০২/অভয়ারণ্য/১৩/২০১০/(অংশ-১) /৬৬৫

তারিখ : ২১-০১-১২

- ০১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ০৪। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
- ০৫। জেলা প্রশাসক, বাগেরহাট।
- ০৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়।
- ০৭। বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
- ০৮। বন সংরক্ষক, খুলনা অঞ্চল, খুলনা।
- ০৯। বিভাগীয় বন কর্মকর্তা, সুন্দরবন পশ্চিম বন বিভাগ, খুলনা/সুন্দরবন পূর্ব বন বিভাগ, বাগের হাট।
- ১০। বিভাগীয় বন কর্মকর্তা, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, খুলনা।

মোমেনা
(মোমেনা খাতুন) ২১/০১/২০১২
উপ-সচিব